

RG Kar Case: 'সন্দীপ ঘোষকে অবিলম্বে সাসপেন্ড করা হোক..', RG Kar কাণ্ডে মুখ খুললেন TMC সাংসদ জহর সরকার

ABP Ananda

**TMC MP Jawhar Sircar On Debangshu : আরজিকর কাণ্ডে মুখ
খুললেন এবার তৃণমূলের রাজ্যসভার সাংসদ জহর সরকার এবং
দেবাংশু ভট্টাচার্য, সন্দীপ ঘোষকে নিয়ে কী প্রতিক্রিয়া ?**



ছবি সৌজন্যে জহর সরকার এবং দেবাংশু ভট্টাচার্য ফেসবুক পেজ

কলকাতা: সন্দীপ ঘোষ (Sandip Ghosh) নিয়ে এবার মুখ খুললেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ জহর সরকার (TMC MP Jawhar Sircar)। এদিন তিনি বলেন, আগেই রাজ্য সরকার সন্দীপ ঘোষ নিয়ে তদন্ত করতে পারত। আরজিকর মেডিক্যালের সদ্য প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে অবিলম্বে সাসপেন্ড করার দাবি জানিয়েছেন তিনি। এবং গতকাল রাজ্য সরকারের পক্ষ থেকে আরজিকর হাসপাতালে (RG Kar Case) যে আর্থিক অনিয়ম নিয়ে যে SIT গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তাকে তিনি স্বাগত জানিয়ে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেছেন।

এদিন তৃণমূলের সোশ্যাল মিডিয়া সেলের ইনচার্জ দেবাংশু ভট্টাচার্য বলেন, রাজ্য সরকার তদন্ত করলেও দোষ, না করলেও দোষ। আসলে আমাদের বিরোধীরা কী চায়?! ২০২১ সালের ঘটনা চব্বিশ সালে এসে, অন্তত তিন বছরের মাথায় এসে তদন্ত হচ্ছে। পশ্চিমবঙ্গের সরকার তাঁরা সদিচ্ছা রাখে, কোথাও যদি অভিযোগ আসে, সেই অভিযোগ যদি কংক্রিট হয়, সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত হয়। বাকিদের মতো, উটের মতো মাটিতে মুখ বুজে থাকার মতো স্বভাব আমাদের রাজ্য সরকারের নেই। বিজেপি নিজেদের দুর্নীতিতে তদন্ত আজ অবধি করতে পারেনি। আর সিপিএম তো দিনের পর দিন এই দুর্নীতিকে আশকারা দিয়ে গিয়েছে বলে, আরজিকর আজকে এই জায়গায় পৌঁছেছিল। আমি সরকারের পদক্ষেপকে স্বাগত জানাই।

পাশাপাশি সন্দীপ ঘোষকে নিয়ে প্রতিক্রিয়া দিয়েছেন আরজিকরের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি। তিনি বলেন, 'আমি ওনার দুর্নীতির বিরুদ্ধে থেকে ছাত্রদের ফেল করানো থেকে শুরু করে তাঁদেরকে বসিয়ে মদ খাওয়ান।' 'টেভারের ২০ শতাংশ কমিশন খাওয়া' নিয়েও সন্দীপ ঘোষের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন। তিনি আরও বলেন, 'পরে

যখন ওনার সঙ্গে আমার বিতর্ক হয়, তখন আমি এটা নিয়ে মুখ্যমন্ত্রীর অফিসে গিয়ে একটা রিভেঞ্জ জানিয়েছিলাম।'

আরও পড়ুন, [RG করে আর্থিক অনিয়মে মুখ্যমন্ত্রী নিজে যুক্ত : শুভেন্দু অধিকারী](#)

বিবৃতি দিতে গিয়ে নিহত নির্যাতিতার নাম-পরিচয় ফাঁস। আর জি কর মেডিক্যালের সদ্য প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে মামলা রুজু করল কলকাতা পুলিশ। পুলিশ সূত্রে খবর, চলতি সপ্তাহেই সন্দীপ ঘোষকে নোটিস দেওয়া হবে। ডাক্তার ছাত্রীকে খুন-ধর্ষণের ঘটনার তদন্তে ইতিমধ্যেই সন্দীপ ঘোষকে ৪ দফায় ৫০ ঘণ্টা জিজ্ঞাসাবাদ করেছে CBI. আজও তাঁকে CGO-তে ডেকে পাঠিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। আর জি কর মেডিক্যালের অধ্যক্ষ থাকাকালীন বিস্তারিত অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে সন্দীপ ঘোষের বিরুদ্ধে। চিকিৎসক খুনে CBI তদন্তের মধ্যেই, আর জি কর মেডিক্যালের আর্থিক অনিয়মের অভিযোগের তদন্তে SIT গঠন করেছে রাজ্য সরকার। এবার পৃথক মামলা রুজু করে সন্দীপ ঘোষকে নোটিস দিতে চলেছে কলকাতা পুলিশ।

**আপনার পছন্দের খবর আর আপডেট পাবেন আপনার পছন্দের চ্যাটিং প্ল্যাটফর্ম হোয়াটস অ্যাপেও।
[যুক্ত হোন ABP Ananda হোয়াটস অ্যাপ চ্যানেলে।](#)**

Published at : 20 Aug 2024 06:18 PM (IST)